১১/১১/২০০৩

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৮ কলাম ৩......

# ডিগ্রী পাস কোর্স তিন বছর করা হচ্ছে নতুবা মাস্টার্স প্রিলিমিনারী হবে ২ বছর

সালাহউদ্দীন বাবলু ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পাস কোর্স চলতি শিক্ষাবর্ষ থেকে ২ বছরের স্থলে ৩ বছর করা হবে বলে জানা গেছে। তবে এই পাস কোর্স যদি এবার শেষ পর্যন্ত ৩ বছর করা সম্ভব না হয় তাহলে মাস্টার্স প্রিলিমিনারী ১ বছরের স্থলে ২ বছর করা হবে। আর মাস্টার্স শেষ পর্যন্ত যথারীতি ১ বছর বহাল থাকবে। অপরদিকে সকল বিষয়ের অনার্স কোর্স এবার থেকেই ৩ বছরের স্থলে ৪ বছর করা হচ্ছে। ৪ বছরের অনার্স কোর্সের ব্যাপারে ইতিপূর্বে সিদ্ধান্ত গ্রহণ করা হলেও পাস কোর্স এবং মাস্টার্স প্রিলিমিনারীর ব্যাপারে সিদ্ধান্ত নিয়ে নতুন ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের শীর্ষস্থানীয় একটি সূত্র জানিয়েছে, চলতি বছরের এইচএসসি পরীক্ষার ফলাফল ২ মাস পূর্বে প্রকাশ করা হলেও ডিগ্রী পাস কোর্সের মেয়াদ এবার থেকে ৩ বছর হবে নাকি ২ বছরই থাকবে এবং সেক্ষেত্রে মাস্টার্স প্রিলিমিনারীর মেয়াদ কি হবে তা সিদ্ধান্তের অপেক্ষায় এখনো অনার্স ১মবর্ষ ও ডিগ্রী পাস কোসের ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়নি। যদিও এ বছর থেকেই ৪ বছরের অনার্স কোর্স চালুর সিদ্ধান্ত আগেই গ্রহণ করা হয়েছিল, কিন্তু পাস কোর্স ও প্রিলিমিনারীর ব্যাপারে তখন কোন সিদ্ধান্ত নেয়া হয়নি। এ অবস্থায় মাস্টার্স ১ বছর রেখে অনার্স কোর্স ৪ বছর করা হলে একই সময়ে পাস কোর্সে ডিগ্রী অর্জনকারীদের সমমূল্যায়নে. জটিলতা ও সমস্যার সৃষ্টি হবে বলে কর্তৃপক্ষ এখন বিষয়টি নিয়ে ভাবতে শুরু করেছেন। তাদের মতে ডিগ্রী পাস কোর্স চালু রাখতে হলে এর মেয়াদ অবশ্যই বাড়াতে হবে।
যদি তা এখনই সম্ভব না হয় তাহলে ২০
সাল থেকে মাস্টার্স প্রিলিমিনারী ১ বছ
স্থলে ২ বছর করতে হবে। এ ব্যাপ
কর্তৃপক্ষ এখনো দ্বিধা-দ্বন্দ্বে রয়েছেন। আ
একাডেমিক কাউন্সিলের সভায় বিষ
সুরাহা হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয় ছাড়া দেশের ও
সকল বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রী পাস ক
ও প্রিলিমিনারী
বেশ কয়েক বছর পূর্বেই তুলে দিয়ে ৪ বছ
সমন্বিত অনার্স কোর্স চালু করা হয়েছে। এ
জন্য মাস্টার্স কোর্স ১ বছর বহাল রয়েছে।
ফলে দেশের শিক্ষা ব্যবস্থায় সনাতনী ১৬ বছ
পাঠদান পদ্ধতি (এসএসসি ১০ বছর, এইচএ
২ বছর, অনার্স-মাস্টার্স কিংবা ডিগ্রী-মাস্টার্স
বছর) এখন ১৭ বছরে উন্নীত হয়েছে। পাশ্চাত্যে
শিক্ষা ব্যবস্থার সাথে সমমান রক্ষার জন্যই
পদ্ধতি অনুসরণ করা হয়েছে। কিন্তু একম
জাতীয় বিশ্ববিদ্যালয়ে এখনও ১৬ বছ
শিক্ষাদান পদ্ধতি বহাল রয়েছে। এতে জাতী
বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স ডিগ্রীধারীদের সাথে অন্য
বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স ডিগ্রীধারীদের সমতা র
হচ্ছে না। একই দেশে একই ডিগ্রীর মান হ

৭-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## ডিগ্রী পাস কোর্স তিন বছর করা হচ্ছে

৮-এর পৃষ্ঠার পর

দু'ধরনের। এ অবস্থায় জাতীয় শিক্ষানীতিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স কোর্স ৪ বছরে উন্নীত করার এবং মাস্টার্স কোর্স যথারীতি ১ বছর বহাল রাখার কথা বলা হয়। অপরদিকে ডিগ্রী পাস কোর্স তুলে দেয়ার কথাও বলা হয়েছে। কিন্তু যতদিন না তা সম্ভব হচ্ছে ততদিন ডিগ্রী পাস কোর্স ৩ বছর করে এদের মাস্টার্স কোর্স আগের মতই ২ বছর (প্রিলিমিনারী ১ বছর ও শেষ পর্ব ১ বছর) চালু রাখার সুপারিশ করা হয়। বর্তমানে ডিগ্রী পাস কোর্স ২ বছর এবং এই ডিগ্রী উত্তীর্ণদের মাস্টার্স কোর্স ২ বছর (প্রিলিমিনারী ১ বছর ও শেষ পর্ব ১ বছর) চালু রয়েছে। একই সাথে অনার্স কোর্স ৩ বছর এবং অনার্স উত্তীর্ণদের মাস্টার্স কোর্স ১ বছর (শেষ পর্ব) চালু রয়েছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ বলছেন, এদেশের এইচএসসি উত্তীর্ণ ছাত্রছাত্রীদের বেশীরভাগই এখনও যেহেতু জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বিভিন্ন কলেজে ডিগ্রী পাস কোর্সে অধ্যয়ন করে থাকে এবং তাদের
মেয়াদ ২ বছরের স্থলে ৩ বছর করলে তাদে
উপর আর্থিক চাপ বেড়ে যাবে। এ অবস্থায় প
কোর্সের মেয়াদ ২ বছর বহাল রেখে মাস্ট
প্রিলিমিনারী ২ বছর এবং মাস্টার্স শেষ পর্ব ১ ব
রাখার বিষয়টিকেই তারা আপাতত অধি
যুক্তিসঙ্গত মনে করছেন। তবে জাতী
শিক্ষানীতির পরিপন্থী এ ব্যবস্থাটি চালু হলে প
কোর্সে ডিগ্রী অর্জনকারীরা মাস্টার্স শেষ না কর
তাদের ডিগ্রীর মান অনেক কমে যাবে এবং এ
তেমন কোন কাজেই আসবে না বলে অভি
শিক্ষাবিদরা মত প্রকাশ করেছেন। বর্তমানে ডি
পাস কোর্সের যে পাঠ্যক্রম চালু রয়েছে ত
যথাযথভাবে আয়ত্ত করতেও ৩ বছর সম
প্রয়োজন বলে তারা মন্তব্য করেন। উল্লেখ
জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স ও পাস কোর্সে
বছর থেকে ১০০ নম্বরের ইংরেজী ভাষা বিষ
বাধ্যতামূলক করা হচ্ছে। তাছাড়া অনার্স ও ডি
(পাস) পরীক্ষার মূল্যায়ন ২০০৩ সাল থেকে
গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করার সিদ্ধান্ত নে
হয়েছে।